



সমঝোতা চাইলে যুক্তরাষ্ট্রকে কর্তৃত্ববাদী মনোভাব ত্যাগ করতে হবে: পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের চলমান উত্তেজনার মধ্যে সমাধানের পথ খুঁজতে যুক্তরাষ্ট্রকে 'কর্তৃত্ববাদী' মনোভাব ত্যাগের আহ্বান জানিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

সোমবার (১৩ এপ্রিল) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক সংক্ষিপ্ত বার্তায় তিনি বলেন, যুক্তরাষ্ট্র যদি তাদের বর্তমান অবস্থান থেকে সরে এসে ইরানি জনগণের অধিকারকে সম্মান করে, তাহলে সমঝোতার পথ খুঁজে পাওয়া সম্ভব।

এ সময় তিনি ইরানের জাতীয় পরিষদের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাকের প্রশংসা করে বলেন, আলোচনায় অংশ নেওয়া প্রতিনিধিদের প্রচেষ্টা প্রশংসনীয়। তিনি তাদের জন্য শুভকামনাও জানান।

পেজেশকিয়ানের মতে, পারস্পরিক সম্মান ও সমতার ভিত্তিতেই দীর্ঘদিনের এই দ্বন্দ্বের সমাধান সম্ভব।

বিশ্লেষকদের মতে, বর্তমান পরিস্থিতিতে অচলাবস্থা কাটাতে হলে উভয় পক্ষকেই নমনীয় অবস্থান নিতে হবে এবং আলোচনার পথেই এগোতে হবে।